

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৯৯

৫/ হজ (হজ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৫৬. 'মূলতাযাম' (কা'বার দরজা থেকে হাতীম পর্যন্ত মধ্যবর্তী স্থানকে জড়িয়ে ধরা)

بَابُ الْمُلْتَزِمِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا الْمُثَنَّى بْنُ الصَّبَّاحِ، عَنْ عَمْرِو بْنِ شَعِيبٍ، عَنْ أَبِيهِ، قَالَ: طَفَتُ مَعَ عَبْدِ اللَّهِ فَلَمَّا جِئْنَا بُرْكَ الْكَعْبَةِ قُلْتُ: أَلَا تَتَعَوَّذُ؟ قَالَ: نَعُوذُ بِاللَّهِ مِنَ النَّارِ، ثُمَّ مَضَى حَتَّى اسْتَلَمَ الْحَجَرَ وَأَقَامَ بَيْنَ الرُّكْنِ وَالْبَابِ، فَوَضَعَ صَدْرَهُ وَوَجْهَهُ وَذِرَاعَيْهِ وَكَفَيْهِ هَكَذَا وَيَسْطَهُمَا بَسْطًا، ثُمَّ قَالَ: هَكَذَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْعَلُ

বাংলা

১৮৯৯। 'আমর ইবনু শু'আইব (রহ.) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি 'আব্দুল্লাহ ইবনু 'আমর ইবনুল আস (রাযি.)-এর সাথে বায়তুল্লাহ তাওয়াফ করি। আমরা যখন কা'বার পিছনে যাই তখন আমি বলি, আপনি আল্লাহর কাছে আশ্রয় চাইছেন না কেন? তিনি বললেন, আমরা আল্লাহর কাছে জাহানাম থেকে আশ্রয় চাই। অতঃপর তিনি সম্মুখে গিয়ে হাজরে আসওয়াদে চুমু খেলেন, রুকনে ইয়ামেনী এবং দরজার মাঝখানে কিছুক্ষণ অবস্থান করলেন, তার বুক, চেহারা, উভয় বাহু এবং হাতের তালু স্থাপন করে তা বিছিয়ে রাখলেন। এই বলে তিনি দুই হাত প্রসারিত করে দেখালেন। অতঃপর বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এক্রপ করতে দেখেছি।[1]

দুর্বল।

English

Amr b. Shu'aib reported on the authority of his father:

I went round the Ka'bah along with Abdullah ibn Amr. When we came behind the Ka'bah I asked: Do you not seek refuge? He uttered the words: I seek refuge in Allah from the Hell-fire. He then went (farther) and touched the Black Stone, and stood between the corner (Black Stone) and the entrance

of the Ka'bah. He then placed his breast, his face, his hands and his palms in this manner, and he spread them, and said: I saw the apostle of Allah (ﷺ) doing like this.

ফুটনোট

[1]. ইবনু মাজাহ। সনদে মুসান্না ইবনু সাববাহ যঙ্গফ। হাফিয় বলেন: তিনি যঙ্গফ, শেষ বয়সে হাদীসের সংমিশ্রণ করতেন, ইমাম বাযহাকী বলেন: তার দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। শায়খ আলবানী বলেন : তবে রূকনে ইয়ামেনী ও দরজার মাঝখানে লেগে থাকার অংশটুকু প্রমাণিত আছে।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59267>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন